


# শতবর্ষে সত্যজিৎ, ফিল্ম ডিভিশনের উপহার স্বল্পদৈর্ঘ্যের ছবি ও তথ্যচিত্রের উৎসব

নিজস্ব সংবাদদাতা

আনন্দবাজার পত্রিকা, কলকাতা ০৭ মে ২০২১ ১৯:০৩



সত্যজিৎ রায়।

চলতি বছর সত্যজিৎ রায়ের জন্মশতবর্ষ। সেই উপলক্ষে ১১টি ছোট ছবি ও তথ্যচিত্র দেখানোর ব্যবস্থা করছে ফিল্ম ডিভিশন। ৭ থেকে ৯ মে ৩ দিন ধরে চলবে এই অনুষ্ঠান। দেখা যাচ্ছে সংস্কার নিজস্ব ওয়েবসাইটে।

কী কী ছবি দেখতে পাওয়া যাবে? সংস্কার তালিকা অনুযায়ী, ‘রবীন্দ্রনাথ ঠাকুর’, ‘ইনার আই’, ‘বালা’, ‘সুকুমার রায়’, ‘সদগতি’, ‘পিকু’ ইত্যাদি। দেখানো হবে শ্যাম বেনেগালের ‘সত্যজিৎ রায়’, ভগবান দাস গর্গ

পরিচালিত ‘ফ্রিয়েটিভ আর্টিস্টস অব ইন্ডিয়া: সত্যজিৎ রায়’ এবং গৌতম ঘোষের তথ্যচিত্র ‘রায়’-ও।

বড় ছবির পাশাপাশি সত্যজিৎ-সৃষ্ট ছোট ছবি এবং তথ্যচিত্রও সমৃদ্ধ করেছে ছবির দুনিয়াকে। তারই ঝলক উঠে আসবে ফিল্ম ডিভিশনের এই বিশেষ আয়োজনে।

Reference:

<https://www.anandabazar.com/entertainment/films-division-is-organizing-a-film-festival-to-celebrate-the-birth-centenary-of-satyajit-ray-dgtl/cid/1279800>